# রাজশাহী বোর্ড ২০১৭

বিষয় কোড: ১০২

## বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো: ১০

(ক) খাদ্যে ভেজাল;

(খ) শিশু শ্রম।

২. (ক) মনে করো, তুমি দিনাজপুরের জীতু; তোমার বন্ধু নওগাঁর রতন। ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে তোমার বন্ধুকে একখানা পত্র লেখো। ১০

অথবা, (খ) তোমার নাম অন্তরা। তুমি 'সুখী নীলগঞ্জ উচ্চ বিদ্যলয়ের' দশম শ্রেণির একজন শিক্ষার্থী। দরিদ্র তহবিল হতে আর্থিক সাহায্য চেয়ে তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদন পত্র লেখো।

৩. (ক) সারাংশ লেখো: ১০

অতীতকে ভুলে যাও। অতীতের দুশ্চিন্তার ভার অতীতকেই নিতে হবে। অতীতের কথা ভেবে ভেবে অনেক বোকাই মরেছে। আগামীকালের বোঝা, অতীতের বোঝার সঙ্গে মিলে আজকের বোঝা সবচেয়ে বড় হয়ে দাঁড়ায়। ভবিষ্যতকেও অতীতের মতো দৃঢ়ভাবে দূরে সরিয়ে দাও। আজই তো ভবিষ্যৎ। ভবিষ্যৎকাল বলে কিছু নেই। মানুষের মুক্তির দিন তো আজই। আজই ভবিষ্যতের কথা যে ভাবতে বসে সে ভোগে শক্তিহীনতায়, মানসিক দুশ্চিন্তায় ও স্নায়ুবিক দুর্বলতায়। অতএব, অতীতের ও ভবিষ্যতের দরজায় আগল লাগাও, আর শুরু করো দৈনিক জীবন নিয়ে বাঁচতে।

অথবা, (খ) সারমর্ম লেখো:

দৈন্য যদি আসে আসুক, লজ্জা কিবা তাহে,
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস,
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

https://teachingbd24.com

৪. যেকোনো একটির ভাবসম্প্রসারণ করো: ১০

(ক) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

(খ) পরের অনিষ্ট চিন্তা করে যেই জন
নিজের অনিষ্ট বীজ করে যে বপন।

৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো: ১০

(ক) মনে করো, তুমি ফরহাদ, বগুড়া জিলা স্কুলের দশম শ্রেণির একজন শিক্ষার্থী। তোমার স্কুল লাইব্রেরি সম্পর্কে বিবরণ দিয়ে প্রধান শিক্ষক বরাবর একটি প্রতিবেদন প্রণয়ন করো।

(খ) মনে করো, তোমার নাম শিমুল। তুমি 'দৈনিক প্রথম আলো' পত্রিকার স্টাফ রিপোর্টার। এখন 'ভূমিকম্প ও জনমনে সচেতনতা সৃষ্টি' বিষয়ে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো: ২০

(ক) স্বদেশপ্রেম;

(খ) দেশ গঠনে ছাত্র সমাজের ভূমিকা;

(গ) মানব কল্যাণে বিজ্ঞান।

Teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বাংলা দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: | ১ | ০ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'হাত শব্দটি কোন শ্রেণির?
ক) তদ্ভব খ) তৎসম
গ) দেশি ঘ) বিদেশি

২. 'ব্যাকরণ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?
ক) বিশেষভাবে বিভাজন
খ) বিশেষভাবে বিশ্লেষণ
গ) বিশেষভাবে বিয়োজন
ঘ) বিশেষভাবে সংযোজন

৩. ক-বর্গীয় ধ্বনির উচ্চারণ স্থান কোনটি?
ক) পশ্চাৎ দন্তমূল খ) অগ্রতালু
গ) জিহ্বামূল ঘ) অগ্র দন্তমূল

৪. জানালা > জান্‌লা— এটি কিসের উদাহরণ?
ক) সমীভবন খ) অসমীকরণ
গ) স্বরসংগতি ঘ) সম্প্রকর্ষ

৫. কোন বর্ণ দুটোর পর 'ণ' ও 'ষ' হয়?
ক) ট, ঠ খ) ব, ভ
গ) ঋ, র ঘ) ত, থ

৬. 'অত্যন্ত'— এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) অতি + অন্ত
খ) অতি + অন্ত্য
গ) অত্য + অন্ত
ঘ) অত্য + ন্ত্য

৭. বাংলা ভাষার তারিখবাচক শব্দগুলোর প্রথম চারটি কোন ভাষার নিয়মে সাধিত?
ক) আরবি
খ) ফারসি
গ) হিন্দি
ঘ) বাংলা

৮. 'ন্যাকামিটা এখন রাখ'— এখানে 'পদাশ্রিত নির্দেশক' কী অর্থে ব্যবহৃত হয়?
ক) নিরর্থকতা খ) বাহুল্যভাব
গ) অনির্দিষ্টতা ঘ) নির্দিষ্টতা

৯. কোন বাগধারাটি ভিন্নার্থক?
ক) আদা-কাঁচকলায়
খ) রুই-কাতলা
গ) অহি-নকুল
ঘ) দা-কুমড়া

১০. কোন বাক্যের ক্রিয়াটি সম্ভাবনা প্রকাশ করছে?
ক) বৃষ্টি থেমে গেল
খ) এক্ষুণি বৃষ্টি এসে পড়বে
গ) তাড়াতাড়ি চল, বৃষ্টি আসতে পারে
ঘ) সে গান করতে পারে

১১. কোনটির অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে?
ক) উপসর্গ খ) অনুসর্গ
গ) শব্দ বিভক্তি ঘ) ক্রিয়া বিভক্তি

১২. মৌলিক ধাতুর সঙ্গে 'আ' প্রত্যয় যোগে কোন ধাতু গঠিত হয়?
ক) সংযোগমূলক ধাতু
খ) সাধিত ধাতু
গ) কর্মবাচ্যের ধাতু
ঘ) অসম্পূর্ণ ধাতু

[দ্রষ্টব্য: মৌলিক ধাতু কিংবা কোনো কোনো নাম শব্দের সঙ্গে 'আ' প্রত্যয় যোগে গঠিত ধাতুকে 'সাধিত ধাতু' বলে।]

১৩. ক্রিয়া প্রকৃতির সাথে কোন প্রত্যয় যুক্ত হয়?
ক) বাংলা প্রত্যয়
খ) সংস্কৃত প্রত্যয়
গ) তদ্ধিত প্রত্যয়
ঘ) কৃৎ প্রত্যয়

১৪. 'নদী ও পর্বত' কোন ধরনের বিশেষ্য পদ?
ক) সংজ্ঞাবাচক খ) বস্তুবাচক
গ) জাতিবাচক ঘ) সমষ্টিবাচক

১৫. 'যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ'— এক কথায় কী বলে?
ক) বিপদসংকুল খ) শ্বাপদসংকুল
গ) ভীতিসংকুল ঘ) অরণ্য জনপদ

https://teachingbd24.com

১৬. 'রহিম কিংবা করিম এর জন্য দায়ী।'— এখানে 'কিংবা' কোন অব্যয়?
ক বিয়োজক অব্যয়
খ সংযোজক অব্যয়
গ অনন্বয়ী অব্যয়
ঘ সমুচ্চয়ী অব্যয়

১৭. বাক্য গঠনের অপরিহার্য পদ কোনটি?
ক বিশেষ্য পদ
খ বিশেষণ পদ
গ অব্যয় পদ
ঘ ক্রিয়া পদ

১৮. 'প্রভাতে সূর্য উঠলে অন্ধকার দূর হয়'— বাক্যে 'উঠলে' পদটি কোন প্রকারের ক্রিয়াপদ?
ক প্রযোজক ক্রিয়া
খ যৌগিক ক্রিয়া
গ অসমাপিকা ক্রিয়া
ঘ সমাপিকা ক্রিয়া

১৯. অর্থগতভাবে বাংলা ভাষার শব্দসমূহকে কয়ভাগে ভাগ করা হয়েছে?
ক দুই
খ তিন
গ চার
ঘ পাঁচ

২০. কিসের ভেদে ক্রিয়ার রূপে পার্থক্য দেখা যায়?
ক বচনভেদে
খ পুরুষভেদে
গ অর্থভেদে
ঘ প্রকারভেদে

২১. 'মেঘে বৃষ্টি হয়।'— 'মেঘে' কোন কারকে কোন বিভক্তি?
ক অধিকরণে ৭মী
খ কর্মে ৭মী
গ অপাদানে ৭মী
ঘ করণে ৭মী

২২. সন্ধ্যা অবধি অপেক্ষা করব— অনুসর্গটি কোন অর্থে ব্যবহৃত?
ক সাথে
খ নিকট
গ নিমিত্ত
ঘ পর্যন্ত

২৩. 'রৌদ্র প্লাবন সৃষ্টি করে'— বাক্যটিতে কোন গুণের অভাব রয়েছে?
ক যোগ্যতা
খ আসত্তি
গ আকাঙ্ক্ষা
ঘ উৎকর্ষ

২৪. বাক্যে কোন যতি চিহ্নের প্রয়োগে থামার প্রয়োজন নেই?
ক কমা
খ হাইফেন
গ উদ্ধরণ চিহ্ন
ঘ কোলন

২৫. সংখ্যাবাচক বহুব্রীহি সমাস কোনটি?
ক তুরঙ্গ
খ তেমাথা
গ চৌরাস্তা
ঘ চৌচালা

২৬. 'পরীক্ষায় সফল হও' এটি কোন ধরনের বাক্য?
ক বিবৃতিমূলক
খ আদেশসূচক
গ বিস্ময়সূচক
ঘ ইচ্ছাসূচক

২৭. বাংলা ভাষায় প্রচলিত বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে কী বলে?
ক পারিভাষিক শব্দ
খ সাধিত শব্দ
গ রূঢ়ি শব্দ
ঘ তৎসম শব্দ

২৮. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক যোগিনী
খ মালেকা
গ হিমানী
ঘ অর্ধাঙ্গিনী

২৯. বর্তমানে পৃথিবীতে প্রচলিত ভাষার সংখ্যা কত?
ক আড়াই হাজারের ওপর
খ সাড়ে তিন হাজারের ওপরে
গ সাড়ে চার হাজারের ওপরে
ঘ সাড়ে পাঁচ হাজারের ওপরে

৩০. 'গুণহীনের ব্যর্থ আস্ফালন'— অর্থটি কোন প্রবাদে ব্যক্ত হয়েছে?
ক কানা ছেলের নাম পদ্মলোচন
খ ঘুঘু দেখেছ ফাঁদ দেখ নি
গ অসারের তর্জন গর্জন সার
ঘ আসলে মুষল নেই, ঢেঁকি ঘরে চাঁদোয়া

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | গ |

Teachingbd24.com